

৮। আসক্তি ও অ্যালকোহল

যদি আপনার মাদক ও অ্যালকোহলের প্রতি আসক্তির সমস্যা থাকে এবং সাহায্যের প্রয়োজন হয়, তাহলে আপনি Ser.D এ যেতে পারেন।

Ser.D বলতে কি বুঝায়

প্যাথলজিক্যাল আসক্তি পরিষেবা (Ser.D) হল জন পরিষেবা, যা কোন ব্যক্তির বৈধ পদার্থ (যেমন অ্যালকোহল, তামাক), অবৈধ পদার্থ এবং জুয়ার প্রতি আসক্তি, কেনাকাটায় আসক্তি, ইন্টারনেট আসক্তি এসবের কারণে সৃষ্টি সমস্যার চিকিৎসা, প্রতিরোধ এবং পুনর্বাসনের জন্য নির্বিদিত।

Ser.D কোন জিনিস ব্যবহারের প্রতি আসক্তি অথবা আচরণগত আসক্তির সমস্যায় আক্রান্ত ব্যক্তির পরিবারের সদস্যদের পরামর্শ প্রদান করে।

.ফ্লোরেন্সে Ser.D এর ঠিকানা

নিম্নলিখিত লিঙ্কে ঠিকানা দেওয়া আছে :

<https://www.uslcentro.toscana.it/index.php/diagnosi-e-cura/2575-i-servizi-per-la-salute-mentale/i-servizi-per-le-dipendenze/modalita-di-accesso-servizi-per-le-dipendenze/47543-modalita-di-accesso-servizi-per-le-dipendenze-zona-firenze>

Zona Firenze” এ ক্লিক করুন

Ser.D এ অ্যাক্সেস করার জন্য নিম্নলিখিত ডকুমেন্টগুলো প্রয়োজন হবে:

- পরিচয় পত্র
- স্যানিটারী কার্ড
- যে এলাকায় যাবেন, সেই এলাকার রেসিডেন্ট বা স্থায়ী ঠিকানা/STP